



## জাল-সার্টিফিকেট কিংবা অন্য কোন দুর্নীতির সাথে জড়িত থাকলে কঠোর শাস্তি

-শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার ও শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, জাল সার্টিফিকেট কিংবা অন্য কোন দুর্নীতির সাথে শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারী কেউ জড়িত থাকলে তাদের বিরুদ্ধে কঠোর শাস্তি দেয়া হবে। বদলী দুর্নীতির কোন শাস্তি নয়- বদলীর চেয়ে কঠিন শাস্তি দেয়া হবে। তবে কর্মকর্তা-কর্মচারীদের আন্তঃবোর্ড বদলীর বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। এ বিষয়ের আইনগত দিক বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।

৩-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী প্রথম পৃষ্ঠার পর

শিক্ষামন্ত্রী গতকাল (বুধবার) জাতীয় সংসদে নীলফামারীর আমজাদ হোসেন সরকার আনিত একটি মনোযোগ আকর্ষণী নোটিশের জবাবদানকালে এই বক্তব্য রাখেন।

### প্রাথমিক শিক্ষক নিয়োগে

৬০% মহিলা কোটা বহাল থাকবে

সংসদ কার্যে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, প্রাথমিক শিক্ষক নিয়োগে শতকরা ৬০ ভাগ মহিলা কোটা বহাল থাকবে। তবে পুরুষ কিংবা মহিলা যারাই হোক না কেন আমরা মানসম্মত শিক্ষক নিয়োগের বিষয়টি নিশ্চিত করতে চাই।

### সকল মেডিকেল কলেজের

সমস্যা সমাধান করা হচ্ছে

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান বলেছেন, রংপুর মেডিকেল কলেজ হাসপাতালসহ দেশের সকল মেডিকেল কলেজ হাসপাতালের সমস্যার সমাধান করা হচ্ছে।